রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**শনিবার, ডিসেম্বর ১৪, ২০২৪**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়**
**বিদ্যুৎ বিভাগ**
**উন্নয়ন-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২০ অগ্রহায়ণ, ১৪৩১ /০৫ ডিসেম্বর, ২০২৪

নং **২৭.০০.০০০০.০৭১.৯৯.০০৮.২৪.৫০৭**—বিদ্যুৎ ও জ্বালানির দ্রুত সরবরাহ বৃদ্ধি (বিশেষ বিধান) আইন, ২০১০ (সংশোধিত ২০২১)-এর অধীন সম্পাদিত চুক্তিসমূহ পর্যালোচনার লক্ষ্যে গঠিত জাতীয় কমিটি নিম্নরূপে পুনর্গঠন করা হলো:

| | | |
|---|---|---|
| ০১) | জনাব মঈনুল ইসলাম চৌধুরী<br>অবসরপ্রাপ্ত বিচারপতি, হাইকোর্ট বিভাগ | আহ্বায়ক |
| ০২) | জনাব আবদুল হাসিব চৌধুরী<br>উপ-উপাচার্য, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) | সদস্য |
| ০৩) | জনাব আলী আশফাক<br>ফেলো চাটার্ড একাউন্টেন্ট (এফসিএ), প্রাক্তন সিওও, কেপিএমজি বাংলাদেশ | সদস্য |
| ০৪) | ড. জাহিদ হোসেন<br>অর্থনীতিবিদ, সাবেক লিড ইকোনোমিস্ট, বিশ্ব ব্যাংক | সদস্য |
| ০৫) | জনাব মোশতাক হোসেন খান<br>অধ্যাপক (অর্থনীতি), ফ্যাকাল্টি অব ল' এন্ড সোশ্যাল সায়েন্স, ইউনিভার্সিটি অব লন্ডন | সদস্য |
| ০৬) | জনাব ড. শাহদীন মালিক<br>সিনিয়র অ্যাডভোকেট, বাংলাদেশ সুপ্রিম কোর্ট | সদস্য |



**মূল্য :** টাকা ৪.০০

০২। **কমিটির কার্যপরিধিঃ**

ক। কমিটি যে কোনো সূত্র থেকে তথ্য-উপাত্ত সংগ্রহ ও প্রয়োজনীয় যে কোনো নথি নিরীক্ষা করতে পারবে;

খ। সংশ্লিষ্ট যে কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানকে শুনানিতে আহ্বান করতে পারবে;

গ। বিদ্যুৎ ও জ্বালানির দ্রুত সরবরাহ বৃদ্ধি (বিশেষ বিধান) আইন, ২০১০ (সংশোধিত ২০২১)-এর আওতায় ইতোমধ্যে সম্পাদিত চুক্তিসমূহে সরকারের স্বার্থ সংরক্ষিত হয়েছে কিনা তা নিরীক্ষা করবে;

ঘ। নিরীক্ষার ভিত্তিতে পরবর্তী কার্যক্রম বিষয়ে সুপারিশ প্রণয়ন করবে; এবং

ঙ। বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় কমিটিকে সাচিবিক ও আনুষঙ্গিক সহায়তা প্রদান করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ সোলায়মান**
উপসচিব।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd